



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ নভেম্বর ২০১৭

বিবৃতি:

বামদলসমূহের ডাকা হরতালে পুলিশী হামলা ও আটকের নিন্দা

পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা আজ বৃহস্পতিবার ৩০ নভেম্বর ২০১৭, সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে বামদলসমূহের ডাকা আজকের অর্ধ দিবস হরতালে কিশোরগঞ্জে পিকেটারদের ওপর পুলিশের মারমুখী হামলা, ঢাকায় সিপিবি অফিসে তল্লাশি, হয়রানি ও ধরপাকড়ের নিন্দা জানিয়েছেন।

বিদ্যুতের মূল্যবৃদ্ধি ও বর্ধিত দাম প্রত্যাহার দেশের সাধারণ মানুষের দাবি উল্লেখ করে বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে গণদাবিকে মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান।

উপর্যপূরি দুই মেয়াদে ক্ষমতাসীন হয়ে আওয়ামীলীগ নেতৃত্বাধীন জোট সরকার একের পর এক জবরদস্তিমূলক কালাকানুন চাপিয়ে দিচ্ছে মন্তব্য করে ইউপিডিএফ বিবৃতিতে নেতা আরও বলেন, সরকারের হিংস্র ফ্যাসিবাদী নখদস্তের আঁচর শুধু কিশোরগঞ্জে মিছিলকারীদের ওপর নয়, এ ধরনের হামলা ক্ষমতাসীনদের সাথে ভিন্নমত পোষণকারী দল, প্রতিষ্ঠান, ব্যক্তি ও সংখ্যালঘু জাতিসত্তার ওপর অব্যাহত রয়েছে।

সংবাদ মাধ্যমে দেয়া বিবৃতিতে ইউপিডিএফ নেতা সরকারের ফ্যাসিবাদী দমন নীতির বিরুদ্ধে সকল গণতান্ত্রিক শক্তিকে এক্যবদ্ধ হয়ে লড়াই সংগ্রামের আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক :

নিরং চাকমা

প্রেস সেকশন

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)